৮

053

দৈনিক বাংলা

তারিখ 18 AUG 1987
পৃষ্ঠা ১ কলাম ৮

# কতিপয় পদক্ষেপ গ্রহণ সাপেক্ষে ভার্সিটি খোলা সম্ভব: প্রো-ভিসি

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দিন আহমদ বলেছেন বিশ্ববিদ্যালয় বন্ধ থাকার জন্য নয়। মধ্য জুলাইয়ের

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রো-ভিসি

(প্রথম পৃঃ পর)

ঘটনার যাতে পুনরাবৃত্তি না ঘটে সেজন্য কয়েকটি পদক্ষেপ গ্রহণ সাপেক্ষে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া সম্ভব।

তিনি সোমবার ছাত্র ইউনিয়নের একটি প্রতিনিধি দলের উদ্দেশে বক্তৃতা করছিলেন। অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়ে ছাত্র ইউনিয়নের নেতৃবৃন্দ প্রো-ভিসির নিকট একটি স্মারকলিপি পেশ করেন

এর আগে টিএসসির সড়ক দ্বীপে এক জমায়েতে সংগঠনের নেতৃবৃন্দ ক্যাম্পাস থেকে সকল অস্ত্রধারী ও বহিরাগতদের পক্ষপাতহীনভাবে উচ্ছেদ করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। তারা ক্ষোভ প্রকাশ করে বলেন দীর্ঘ এক মাস ধরে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় হাজার হাজার ছাত্রছাত্রীর শিক্ষা জীবনে অনিশ্চয়তার সৃষ্টি হয়েছে। পরে একটি মিছিল বের করা হয়।

শিক্ষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার এবং বিভিন্ন পরীক্ষা অনুষ্ঠানের দাবী জানিয়েছে। গত রোববার সমিতির সাধারণ সভার প্রস্তাবে এ দাবী জানানো হয়।